



আবরার ফাহাদকে স্মরণ করে জুলাই আন্দোলনের চতুর্থ পোস্টারের তাৎপর্য



সংগৃহীত ছবি

জুলাই স্মৃতি উদযাপন অনুষ্ঠানমালার অংশ হিসেবে চতুর্থ পোস্টার প্রকাশ করেছে প্রধান উপদেষ্টার কার্যালয়। শুক্রবার (৪ জুলাই) ‘পর্যায়ীনতার দিনগুলি’ শিরোনামে প্রকাশিত এই পোস্টারটিতে শহীদ আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডকে কেন্দ্র করে রাষ্ট্রীয় দমন-পীড়নের বাস্তব চিত্র তুলে ধরা হয়েছে।

শিল্পী দেবশিস চক্রবর্তীর আঁকা এই পোস্টারটি সমাজের অন্যায়ের বিরুদ্ধে তরুণ প্রজন্মের প্রতিবাদী অবস্থান এবং বাকস্বাধীনতার লড়াইকে তুলে ধরে। আবরার হত্যাকাণ্ডকে এখানে শুধু একটি একক ঘটনা নয়, বরং গোটা প্রজন্মের ওপর নেমে আসা নিপীড়নের প্রতীক হিসেবে উপস্থাপন করা হয়েছে।

এর আগে ধারাবাহিকভাবে ১ জুলাই থেকে প্রতিদিন একটি করে পোস্টার প্রকাশ করা হচ্ছে। প্রথম দিন প্রকাশিত হয় ‘রাষ্ট্রীয় মদদে গুম’, ২ জুলাই ‘বিডিআর মেসাকার’, ৩ জুলাই ‘শাপলা মেসাকার’ এবং ৪ জুলাই প্রকাশিত হলো ‘পর্যায়ীনতার দিনগুলি’। প্রতিটি পোস্টার একটি করে রাজনৈতিক বা রাষ্ট্রীয় সহিংস ঘটনার চিত্র বহন করছে।

এই পোস্টার প্রদর্শনিসহ পুরো জুলাই মাসজুড়ে চলছে বিশেষ কর্মসূচি। রয়েছে স্মারক প্রদর্শনী, আলোচনা সভা, সাংস্কৃতিক আয়োজন এবং শিল্পকর্ম প্রদর্শনী। মূল উদ্যোক্তা প্রধান উপদেষ্টার কার্যালয়, সহযোগিতায় সংস্কৃতি মন্ত্রণালয়।

আন্দোলন সংশ্লিষ্টরা মনে করছেন, এই উদ্যোগ শুধু ইতিহাস স্মরণ নয়, বরং বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে সত্য, ন্যায় এবং প্রতিবাদের পথে অনুপ্রাণিত করতেই এই আয়োজন।